

ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

ডিসিএমপিএস সার্কুলার নং — ১৪/২০১০

তারিখ t ১৫ ডিসেম্বর, ২০১০
০১ পৌষ, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউসের পরিপূর্ণ বাস্তবায়নসূচী নির্ধারন প্রসঙ্গে।

আপনারা অবগত আছেন যে, বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউসের দুটি Component এর মধ্যে বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACPS) এর অবিরত কার্যক্রম বিগত ৭ অক্টোবর হতে ঢাকা ক্লিয়ারিং অঞ্চলে শুরু হয়েছে। এক্ষেত্রে, ঢাকা অঞ্চলে High Value ক্লিয়ারিং এর পরিধি সম্প্রসারণ, বাংলাদেশ ব্যাংকের আঞ্চলিক কার্যালয়সমূহে পরিচালিত ক্লিয়ারিং হাউস সমূহে BACPS এর কার্যক্রম বিস্তার এবং দেশব্যাপী BEFTN এর কার্যক্রম শুরু করার লক্ষ্যে নিম্নরূপ সময়সীমা নির্ধারন করা হয়েছে।

High Value ক্লিয়ারিং এর পরিধি সম্প্রসারণ : BACPS এর আওতায় বর্তমানে দু'ধরনের ক্লিয়ারিং সম্পন্ন হয়ে থাকে, ঢাকা ক্লিয়ারিং হাউসের সদস্য ব্যাংকগুলোর প্রতিটি শাখা রেগুলার ভ্যালু ক্লিয়ারিং এর সদস্য হলেও হাই ভ্যালু ক্লিয়ারিং কেবল মতিঝিল/দিলকুশা বানিজ্যিক এলাকার স্বল্প সংখ্যক শাখার জন্য প্রযোজ্য। এমতাবস্থায়, গ্রাহকদের সুবিধার্থে আগামী ০৫ জানুয়ারী ২০১১ হতে High Value ক্লিয়ারিং এর পরিধি সম্প্রসারণ করে ঢাকা ক্লিয়ারিং হাউসের সকল সদস্য শাখাকে অন্তর্ভুক্ত করনের সময়সীমা নির্ধারন করা হয়েছে।

আঞ্চলিক কার্যালয়সমূহে BACPS বাস্তবায়ন : ঢাকা ক্লিয়ারিং হাউসের পর পর্যায়ক্রমে বাংলাদেশ ব্যাংকের আঞ্চলিক কার্যালয়সমূহ কর্তৃক পরিচালিত ক্লিয়ারিং হাউসে BACPS বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। এ লক্ষ্যে আগামী ২০ জানুয়ারী ২০১১ হতে সিলেট এবং ৩ ফেব্রুয়ারী ২০১১ হতে চট্টগ্রাম অঞ্চলে অটোমেটেড ক্লিয়ারিং হাউসের (কেবলমাত্র রেগুলার ভ্যালু ক্লিয়ারিং) কার্যক্রম আরম্ভের তারিখ নির্ধারন করা হয়েছে। নির্ধারিত সময় হতে সিলেট এবং চট্টগ্রাম অঞ্চলের সকল ইন্সট্রুমেন্ট ক্লিয়ারিং এর জন্য ঢাকাস্থ BACPS Data Centre এ প্রেরণ করতে হবে এবং এ সকল আঞ্চলিক ইন্সট্রুমেন্টের জন্য বাংলাদেশ ব্যাংকের মতিঝিল কার্যালয়ে রক্ষিত অংশগ্রহণকারী ব্যাংক সমূহের হিসাব সমন্বয়ের মাধ্যমে নেট-সেটেলমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

BEFTN বাস্তবায়ন : আগামী ২৪ ফেব্রুয়ারী ২০১১ হতে দেশব্যাপী কেবলমাত্র ক্রেডিট লেন-দেনের জন্য বাংলাদেশ ইলেক্ট্রনিক ফান্ডস ট্রান্সফার নেটওয়ার্কের কার্যারম্ভের তারিখ নির্ধারন করা হয়েছে। প্রতিটি অংশগ্রহণকারী ব্যাংক-কে এ সময়ের মধ্যে EFT লেনদেন Receive করার সক্ষমতা অর্জন করতে হবে। EFT লেনদেন Originate করার বিষয়টি ব্যাংকের নিজস্ব সিদ্ধান্তের উপর নির্ভরশীল।

এমতাবস্থায়, বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউসের পরিপূর্ণ বাস্তবায়নের ব্যাপারে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(জিন্নাতুল বাকেয়া)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১২০৩৭২